

## শিল্প অনুশীলন কার্যক্রম (আর্টস প্র্যাকটিস প্রোগ্রাম)

আইএফএ-র শিল্প অনুশীলন কার্যক্রমের একটি পর্যালোচনা করেছিলেন জাস্টিন ম্যাকার্থি, নীলম মানসিংহ, গীতাজলি রাও এবং সঞ্জয় কাক সমেত বিশেষজ্ঞদের একটি প্যানেল। পর্যালোচনার অংশ হিসাবে আমরা ভারতে শিল্প অনুশীলন ও লোকহিতের বৃহত্তর ক্ষেত্রে শিল্পের জন্য যে জাতীয় সমর্থন প্রয়োজন সে সম্পর্কে মতামত চেয়েছিলাম (ভিশুয়াল আর্টস অ্যান্ড ফিল্ম এবং পারফরমেন্স অ্যান্ড লিটারেচার, আমাদের এই দুটি বিভাগে ভয়েসেজ ফ্রম দ্য ফিল্ড নামক প্রতিবেদনগুলি দেখুন)। এই প্যানেল আইএফএ-র কাছে যে সুপারিশগুলি করেছিল, শিল্প অনুশীলন কার্যক্রমের এই নতুন রূপটি তারই ফল।

শিল্প অনুশীলন কার্যক্রমটি এমন কিছু প্রকল্প রূপায়ণের চেষ্টা করছে যা শিল্পীদের তাঁদের শিল্পচর্চার পরিসর নতুন দিকে প্রসারিত করতে সাহায্য করবে। এতে প্রচলিত শিল্পরীতি নিয়ে জিজ্ঞাসা উঠতে পারে, বিষয়বস্তু, গঠন এবং মাধ্যমের নতুন সীমান্ত খুলে যেতে পারে, পাওয়া যেতে পারে দর্শক-শ্রোতা ও নানা সম্প্রদায় ও গোষ্ঠীর সঙ্গে আদানপ্রদানের নতুন পথের স্বাক্ষর, এবং সামনে আসতে পারে নানা ধরনের পরীক্ষামূলক মেজাজের সৃষ্টি।

প্রকল্পগুলি নতুন ধরনের শৈল্পিক ধারণার স্বাক্ষর দেবে, শিল্পকর্ম সৃষ্টিতে সাহায্য করবে, সেমিনার, রেসিডেন্সি ও ওয়ার্কশপের মাধ্যমে কথোপকথন ও মতামত বিনিময়ের স্থান তৈরি করবে, এবং শিল্পীদের মধ্যে সংহতি স্থাপনের সহায় হবে। প্রোগ্রামটি ইংরেজি ছাড়াও ভারতীয় ভাষাগুলিতে কাজ করতে এবং বিভিন্ন শিল্পরীতির মধ্যে পরস্পর সম্পর্ক স্থাপন করতে উৎসাহ দেবে।

আবেদনকারী আইএফএ-র আধিকারিকদের সাথে কথা বলে নিজের প্রস্তাবটি আলোচনা এবং সম্প্রসারণ করতে পারেন, এবং লিখিত, অডিও বা ভিডিও ফরম্যাটে প্রস্তাবের খসড়া পাঠাতে পারেন।

নিম্নলিখিত শ্রেণীগুলিতে প্রকল্প রূপায়িত করা হবে:

### ১। অনুসন্ধান বা এক্সপ্লোরেশন:

এই প্রকল্পে থাকবে নতুন ও নজিরবিহীন ধারণা নিয়ে অন্বেষণ ও পরীক্ষামূলক কাজ, যেখান থেকে পরে কোনও শিল্পকর্ম তৈরি হতে পারে অথবা নাও হতে পারে। এর মধ্যে পড়বে যে কোনও বিষয় নিয়ে গবেষণা, স্ক্রিপ্ট লেখা, জ্যামিং, স্টোরিবোর্ড তৈরি, রিহাঙ্গি, স্যাম্পলিং এবং অন্যান্য অনুসন্ধানমূলক প্রক্রিয়া।

বাজেট: সর্বোচ্চ ৭৫,০০০/- টাকা পর্যন্ত।

ক্যালেন্ডার: বছরে একবার বিজ্ঞপ্তির মাধ্যমে আমন্ত্রণ করে প্রস্তাব নেওয়া হবে।

(বিস্তারিত জানার জন্য এখানে ক্লিক করুন।)

### ২। শিল্পসৃষ্টি বা প্রোডাকশন:

এই প্রকল্পে থাকতে পারে পরিবেশনমূলক, দর্শনযোগ্য, শ্রবণযোগ্য, সাহিত্যসংক্রান্ত, ডিজিটাল বা আন্তঃবৈষয়িক শিল্পকর্ম সৃষ্টির কাজ। এর মধ্যে আরও পড়বে নাটক, নাচ ও গান পরিবেশন, ইনস্টলেশন, প্রদর্শনী, বই, স্বপ্রকাশিত ম্যাগাজিন এবং অন্যান্য প্রকাশনা, প্রথাগত ও অন্যান্য ধরনের চলচ্চিত্র উপস্থাপনা, গেম, ইন্টারফেস ও অন্যান্য ডিজিটাল শিল্পকর্ম, এবং এযাবৎ অভূতপূর্ব কোনও শিল্প।

বাজেট: সর্বোচ্চ ৫,০০,০০০/- টাকা পর্যন্ত।

ক্যালেন্ডার: বছরে একবার বিজ্ঞপ্তির মাধ্যমে আমন্ত্রণ করে প্রস্তাব নেওয়া হবে।

(বিস্তারিত জানার জন্য এখানে ক্লিক করুন।)

### ৩। ওয়ার্কশপ, রেসিডেন্সি ও সেমিনার:

এই প্রকল্পের উদ্দেশ্য কথোপকথন, মত বিনিময়, বিতর্ক, শিক্ষা এবং পরামর্শের উৎসাহ জাগে এমন পরিবেশ এবং পরিস্থিতি তৈরি করা।  
রেসিডেন্সি ব্যবস্থায় শিল্পীদের শিল্প এবং পরস্পর সহযোগিতা লালিত হবে এবং পরীক্ষামূলক কাজের সুবিধা হবে; ওয়ার্কশপ, সেমিনার বা  
অন্যান্য ধরনের সম্মেলনে জ্ঞান ও অন্তর্দৃষ্টি গড়ে উঠবে এবং ঘটবে শিল্পচর্চার প্রসার।

বাজেট: সর্বোচ্চ ৩,০০,০০০/- টাকা পর্যন্ত।  
ক্যালেন্ডার: সারা বছর প্রস্তাব নেওয়া হবে।  
(বিস্তারিত জানার জন্য এখানে ক্লিক করুন।)

#### ৪। শিল্পসৃষ্টির মঞ্চ বা আর্ট প্ল্যাটফর্ম:

এই প্রকল্পের উদ্দেশ্য শিল্পসৃষ্টির জায়গা (কায়িক/ মানসিক/ সামাজিক) ও নেটওয়ার্ক তৈরি অনুপ্রাণিত করা যাতে শিল্পীদের একত্রিত করা  
যায়, এবং বিভিন্ন শিল্পরীতির মধ্যে পরস্পর আদানপ্রদান করা যায়। এতে শিল্পচর্চার সংহতি, সৃষ্টিশীলতা এবং স্থায়িত্ব রক্ষা করা সম্ভব  
হবে।

বাজেট: সর্বোচ্চ ১,৫০,০০০/- টাকা পর্যন্ত।  
ক্যালেন্ডার: সারা বছর প্রস্তাব নেওয়া হবে।  
(বিস্তারিত জানার জন্য এখানে ক্লিক করুন।)

(আইএফএ-র পূর্বপ্রযুক্ত কাজের প্রচারের জন্য পৃথক তহবিল রয়েছে। কার্যক্রম আধিকারিকদের সঙ্গে কথা বলে এই প্রকল্পগুলি পাওয়া  
যেতে পারে। এই বাজেটগুলি নির্ধারণ করা হবে কেস-বাই-কেস ভিত্তিতে।)

প্রকল্পের প্রস্তাব কারা পাঠাতে পারেন?

যে কোনও ক্ষেত্রে (একক বিষয় বা আন্তঃবৈষয়িক) কর্মরত শিল্পী এই প্রোগ্রামে প্রকল্পের জন্য প্রস্তাব পাঠাতে পারেন:

- শব্দ, পাঠ, গান, নাচ ও অন্যান্য কসরত-ভিত্তিক শিল্প, নাটক, পুতুলনাচ, কথকতা, ম্যাজিক, সার্কাস এবং অন্যান্য  
পরিবেশনমূলক ক্ষেত্রে কাজ করেন এমন শিল্পী
- অঙ্কন, ভাস্কর্য, আলোকচিত্র, প্রথাগত চলচ্চিত্র (তথ্যচিত্র ও কাহিনীচিত্র), অ্যানিমেশন, ইনস্টলেশন, নিউ মিডিয়া, কৃত্রিম  
ইনটেলিজেন্স, রোবোটিকস, ইন্টারঅ্যাকটিভ আর্টস, গেমিং, প্রিন্ট মেকিং, কমিক বই, গ্রাফিক আখ্যান, আর্টিস্ট বুক এবং অন্যান্য  
ধরনের দৃশ্যমাধ্যমের শিল্পী
- কিউরেটর, বিশেষত যারা প্রথাগত প্রদর্শনশালার বাইরে কাজ করেন
- কবি, ঔপন্যাসিক, নাট্যকার ও অন্যান্য সাহিত্যিক
- আন্তঃবৈষয়িক কাজ করেন এমন শিল্পী

যোগ্যতা:

ভারতীয় নাগরিক মাত্রই প্রকল্পের প্রস্তাব পাঠাতে পারেন। আপনার সহযোগীদেরও ভারতীয় নাগরিক হতে হবে।

(বিস্তারিত জানার জন্য এখানে ক্লিক করুন।)

কোনও প্রশ্ন থাকলে নিম্নলিখিত ই-মেলে অথবা ঠিকানায় চিঠি লিখতে পারেন:

সুমনা চন্দ্রশেখর sumana@indiaifa.org

জন জেভিয়ার্স john@indiaifa.org

অথবা

Programme Officer, Arts Practice

India Foundation for the Arts  
'Apurva' Ground Floor, No 259, 4th Cross  
Raj Mahal Vilas 2nd Stage, 2nd Block  
Bangalore - 560 094  
Phone: 080-2341 4681 / 82